

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৪২

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

পূর্ব সোনাতলা আয়ুষ্মান আরোগ্য মন্দিরে চক্ষুরোগ সনাক্তকরণ শিবির



চক্ষুরোগের চিকিৎসার জন্য রাজ্যের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে যেমন সুবন্দোবস্ত রয়েছে, তেমনি চক্ষুরোগ সনাক্তকরণের কাজও রাজ্যে নিয়মিতভাবে চলছে। প্রতিটি জেলাতেই এই কর্মযজ্ঞ চলছে। খোয়াই জেলার চেবরি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আওতাধীন পূর্ব সোনাতলা আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গত ৬ নভেম্বর এক চক্ষু রোগ সনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে স্বাস্থ্য কর্মীরা চক্ষু পরীক্ষা করে সমস্যা অনুযায়ী চোখের ড্রপ ও অন্যান্য ওষুধ প্রদান করেন। এর মধ্যে যাদের চোখের গুরুতর সমস্যা যেমন চোখে ছানি পড়ে গেছে বা আরও নানাবিধ সমস্যা আছে তাদের প্রয়োজন অনুসারে পরবর্তী চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপত্র করে দেওয়া হয়। এদিন মোট ৬০ জনের চক্ষু পরীক্ষা করা হয়, এর মধ্যে ১৫ জনের চোখের ছানি শনাক্ত করা হয়। তাদের সকলকে পরবর্তীকালে অপারেশন এর জন্য ধাপে ধাপে আইজিএম হাসপাতালে পাঠানোর জন্য ব্যবস্থা করা হয়। উল্লেখ্য, উক্ত এলাকায় চক্ষু সমস্যাজনিত রোগীর সংখ্যা বেশি থাকায় আরোগ্য সমিতির সভায় চক্ষু রোগ শনাক্তকরণ শিবিরটি আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। এই শিবিরটি পরিচালনা করেন অপ্টোমেট্রিস্ট শুভম দেবনাথ, কাউন্সিলার পিঙ্কু দেবনাথ এবং কমিউনিটি হেলথ অফিসার অর্পিতা দেবনাথ। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*